

## ২.২ অনুবিভাগ-২: (বিশ্বব্যাংক)

### ২.২.১ পটভূমি

বিশ্বব্যাংক একটি বহুজাতিক আর্থিক সহায়তা প্রদানকারী সংস্থা যা উন্নয়নশীল দেশের দারিদ্র্য বিমোচন ও জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য কাজ করছে। বিশ্বব্যাংকের দুটি প্রতিষ্ঠান হলো International Bank for Reconstruction and Development (IBRD) এবং International Development Association (IDA)। IBRD সাধারণত মধ্যম আয়ের দেশগুলোর জন্য ঋণ প্রদান করে থাকে এবং IDA বিশ্বের দারিদ্র্য ও উন্নয়নশীল দেশগুলোর আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের জন্য নমনীয় শর্তে ঋণ এবং Trustee হিসেবে অন্যান্য উন্নয়ন সহযোগীদের অনুদান পেতে সহায়তা করে থাকে। এছাড়াও বিশ্বব্যাংক গ্রুপের আরও তিনটি সহযোগী প্রতিষ্ঠান রয়েছেঃ

- (ক) International Finance Corporation (IFC) - যা বেসরকারি খাতকে ঋণ ও কারিগরি সহায়তা প্রদান করে থাকে।
- (খ) Multilateral Investment Guarantee Agency (MIGA) - অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের জন্য Foreign Direct Investment (FDI)-কে উৎসাহ প্রদানের নিমিত্ত MIGA বিনিয়োগকারী ও ঋণ প্রদানকারীদেরকে Guarantee প্রদান করে থাকে।
- (গ) International Centre for Settlement of Investment Disputes (ICSID) - এটি বিদেশি বিনিয়োগকারী এবং স্বাগতিক দেশের মধ্যে বিনিয়োগ বিরোধ নিষ্পত্তি ও সালিসির জন্য কাজ করে থাকে।

বাংলাদেশ বিশ্বব্যাংক গ্রুপের সকল অঙ্গ/সহযোগী প্রতিষ্ঠানের সদস্য।

এ অনুবিভাগ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ খাতের প্রকল্প বাস্তবায়নে বিশ্বব্যাংক হতে প্রয়োজনীয় বৈদেশিক সহায়তা প্রক্রিয়াকরণসহ যাবতীয় কার্যক্রম পরিচালনা করে থাকে। বাংলাদেশের স্বাধীনতার পর হতে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য বিশ্বব্যাংক নমনীয় শর্তে ঋণ ও অনুদান প্রদান করে আসছে। ১৯৭২ সাল হতে বিশ্বব্যাংক (আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা) বাংলাদেশের বিভিন্ন উন্নয়ন প্রকল্প/সংস্কার কার্যক্রমে ১৫ বিলিয়ন মার্কিন ডলারের বেশি ঋণ/অনুদান প্রদান করেছে। বাংলাদেশে বর্তমানে বৈদেশিক সহায়তার প্রায় ৩০ শতাংশ বিশ্বব্যাংক প্রদান করেছে। বাংলাদেশের জন্য Country Assistance Strategy (CAS) 2011-2014 অনুযায়ী বিশ্বব্যাংক চারটি স্তম্ভ যথাঃ Social Services, Growth, Vulnerability, Adaptation and Inclusion এবং Governance-এর আওতায় স্বাস্থ্য, শিক্ষা, মানব সম্পদ উন্নয়ন, অবকাঠামো, কৃষি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং পরিবেশ উন্নয়নসহ অন্যান্য গুরুত্বপূর্ণ খাতে সরকার কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পে অর্থায়ন করছে। বর্তমানে বিশ্বব্যাংকের অর্থায়নে বিভিন্ন সেক্টরে ৪৬ টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

### ২.২.২ গুরুত্বপূর্ণ প্রকল্পের ঋণ/অনুদান চুক্তি স্বাক্ষরের বিবরণীঃ

২০১৩-১৪ অর্থ-বছরে ১০ টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট ২৭০২.৪ মিলিয়ন মার্কিন ডলার ঋণ ও ৪৪.৮ মিলিয়ন মার্কিন ডলার অনুদানের জন্য বিশ্বব্যাংকের IDA এর সাথে ঋণ এবং অনুদানচুক্তি স্বাক্ষরিত হয়েছে। গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের ঋণ ও অনুদান চুক্তি স্বাক্ষরের সংক্ষিপ্ত বিবরণী নিম্নরূপঃ

#### ১) প্রকল্পের নামঃ Municipal Governance and Services Project (MGSP)

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১০ ফেব্রুয়ারি, ২০১৪
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/স্থানীয় সরকার বিভাগ
- ঋণের পরিমাণঃ ৪১০ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জানুয়ারী ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।

- প্রকল্পের উদ্দেশ্যঃ পৌর সুশাসন এবং মৌলিক নাগরিক সেবার মান উন্নয়ন প্রকল্পের আওতায় পৌর এলাকায় রাস্তাঘাট ব্রীজ, কালভার্ট, বাস-ট্রাক টার্মিনাল, রোট ল্যান্ডিং জেটি, ড্রেন, কাঁচা বাজার ও পাইকারী বাজার পাবলিক টয়লেট, পার্ক ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করা হবে।

২) প্রকল্পের নামঃ Coastal Embankment Improvement Project Phase I

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০১ অক্টোবর ২০১৩
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ পানি সম্পদ মন্ত্রণালয়
- ঋণের পরিমাণঃ ঋণ ৩৭৫ মিলিয়ন মার্কিন ডলার এবং PPCR অনুদান ২৫ মিলিয়ন মার্কিন ডলার
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জুলাই ২০১৩ হতে জুন ২০২০ পর্যন্ত
- প্রকল্পের উদ্দেশ্যঃ বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে প্রাথমিকভাবে ১৭ টি পোল্ডারে জলবায়ু পরিবর্তনজনিত কারণে সৃষ্ট ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস মোকাবেলায় উপযোগী বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ, বনায়ন এবং পোল্ডারের আভ্যন্তরীণ নিষ্কাশন ব্যবস্থাসহ সামগ্রিকভাবে পানি ব্যবস্থাপনা উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৩) প্রকল্পের নামঃ Safety Net System for the Poorest (SNSP) Project

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০৪ অক্টোবর ২০১৩
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ঋণের পরিমাণঃ ৫০০ মিলিয়ন মার্কিন ডলার
- প্রকল্পের মেয়াদঃ সেপ্টেম্বর ২০১৩ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত
- প্রকল্পের উদ্দেশ্যঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নের সক্ষমতা ও স্বচ্ছতা উন্নয়নের কার্যক্রম গ্রহণ এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় Development of the Bangladesh Poverty Database প্রস্তুত করা।

৪) প্রকল্পের নামঃ Modern Food Storage Facilities Project

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০৭ এপ্রিল ২০১৪
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ খাদ্য মন্ত্রণালয়
- ঋণের পরিমাণঃ ২১০ মিলিয়ন মার্কিন ডলার
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জুলাই ২০১৩ হতে জুন ২০২০ পর্যন্ত
- প্রকল্পের উদ্দেশ্যঃ দেশের জনসংখ্যা বৃদ্ধি, প্রাকৃতিক দুর্যোগ, অস্থিতিশীল খাদ্য মূল্য, আপদকালীন সময়ে খাদ্য শস্যের স্বল্পতা, অপুষ্টি ইত্যাদি উদ্ভূত বিষয় মোকাবেলার লক্ষ্যে খাদ্য শস্যের মজুদ ক্ষমতা ২০১৫ সাল নাগাদ ২২.০০ লক্ষ টন মে. টনে উন্নীত করার প্রেক্ষাপটে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক দেশের ৮ টি স্থানে ৫,৩৫,৫০০ মে:টন ধারণ ক্ষমতাসম্পন্ন আধুনিক ৮টি স্টীল সাইলো (৬টি চালের এবং ২টি গমের) নির্মাণের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

এছাড়াও ২০১৪-২০১৫ অর্থ বছরে নিম্নবর্ণিত ২ টি প্রকল্পে মোট ৫৬৭.০৫ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ ও অনুদানচুক্তি স্বাক্ষরের সম্ভাবনা রয়েছে:

৫) প্রকল্পের নামঃ Skill and Training Enhancement Project (STEP)

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০৫ ডিসেম্বর ২০১৩ খ্রিঃ
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
- অনুদানের পরিমাণঃ ১৯.৮ কানাডিয়ান ডলার)

- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ২২ আগস্ট ২০১০ খ্রিঃ হতে ৩০ জুন ২০১৬ খ্রিঃ পর্যন্ত।
- প্রকল্পের উদ্দেশ্যঃ
  - (ক) সরকারের দারিদ্র বিমোচন কৌশলের অংশ হিসাবে কারিগরি ও বৃত্তিমূলক (ভোকেশনাল) শিক্ষার গুনগত মান বৃদ্ধি করা;
  - (খ) Industry Skills Council এবং National Skills Development Council প্রতিষ্ঠায় সহায়তা প্রদান এবং এসএসসি (ভোকেশনাল) কার্যক্রমে সহায়তা প্রদানের মাধ্যমে সার্বিকভাবে কারিগরি এবং ভোকেশনাল শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালী করা এবং
  - (গ) কারিগরি ও ভোকেশনাল শিক্ষা এবং প্রশিক্ষণ কার্যক্রম ব্যবস্থাপনা এবং পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী সংস্থা যথা কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং জনশক্তি প্রশিক্ষণ ও কর্মসংস্থান ব্যুরোর কার্যক্রম শক্তিশালী করা।

৬) প্রকল্পের নামঃ Higher Education Quality & Access Enhancement Project (HEQAEP)

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১০ ফেব্রুয়ারী ২০১৪ খ্রিঃ
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শিক্ষা মন্ত্রণালয়
- ঋণের পরিমাণঃ ১২৫ মি: মা: ড: (ঋণ) অতিরিক্ত অর্থায়ন
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ১৩ মে ২০০৯ খ্রিঃ হতে ৩১ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ পর্যন্ত
- প্রকল্পের উদ্দেশ্যঃ
  - (ক) উচ্চ শিক্ষার ক্ষেত্রে উত্তাবনী ও জবাবদিহিতামূলক কার্যক্রমকে উৎসাহ প্রদান;
  - (খ) কারিগরি ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয় সমূহে মানসম্মত শিক্ষার সুযোগ সৃষ্টি করা এবং
  - (গ) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় সমূহে মানসম্মত গবেষণার সুযোগ সৃষ্টি করা।

৭) প্রকল্পের নামঃ Secondary Education Quality & Access Enhancement Project (SEQAEP)

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৬ ফেব্রুয়ারী ২০১৪ খ্রিঃ
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
- ঋণের পরিমাণঃ ২৬৫ মিলিয়ন মার্কিন ডলার (ঋণ) অতিরিক্ত অর্থায়ন
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ০৪ সেপ্টেম্বর ২০০৮ খ্রিঃ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ পর্যন্ত
- প্রকল্পের উদ্দেশ্যঃ
  - (ক) মাধ্যমিক স্তরের শিক্ষার Teaching-learning-এর গুনগত মানোন্নয়ন করা;
  - (খ) দরিদ্র ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ড প্রদানের মাধ্যমে সমতা এবং স্কুলে সমান প্রবেশাধিকার নিশ্চিত করা;
  - (গ) অতি দরিদ্র শিক্ষার্থীদের মাধ্যমিক স্তরের শিক্ষায় অংশগ্রহণ বৃদ্ধি করা;
  - (ঘ) মনিটরিং সিস্টেম জোরদারকরণ এবং ফলাফলের মূল্যায়ন করা এবং
  - (ঙ) পাঠ্যসূচির বইয়ে শিক্ষার্থীদের মধ্যে উপযোগী বিষয়ের ওপর পাঠ্যাভাস তৈরি করা।

৮) প্রকল্পের নামঃ Solar Irrigation program under the Rural Electrification and Renewable Energy Development (RERED-II)

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ৩০.০৬.২০১৪
- বাস্তবায়নকাল মন্ত্রণালয়/বিভাগঃ বিদ্যুৎ বিভাগ
- ঋণের পরিমাণঃ ৭৮.৪ মিলিয়ন মার্কিন ডলার
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ৩১.১২.২০১৮

- প্রকল্পের উদ্দেশ্যঃ ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটাতে নতুন বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে সরকার নবায়ন যোগ্য বিকল্প জ্বালানী উৎস হতে বিদ্যুৎ সরবরাহের কৌশলগত পরিকল্পনা গ্রহণ করেছে। কেননা, প্রচলিত বিদ্যুৎ গ্রীডের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সকলের মাঝে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব নয়। যে সব প্রত্যন্ত অঞ্চলে গ্রীড বিদ্যুৎ সরবরাহ করা কঠিন ও অত্যন্ত ব্যয়বহুল সে সকল অঞ্চলে সৌর বিদ্যুৎ পরীক্ষিত ও বাস্তবসম্মত ব্যবস্থা হিসেবে ব্যাপক প্রসার লাভ করেছে। ইডকল ইতোমধ্যে ৩.১ মিলিয়ন সোলার হোম সিস্টেম স্থাপন করেছে এবং প্রতিমাসে ইডকল ৭০,০০০ সোলার হোম সিস্টেম স্থাপন করছে-যা বিশ্বের সবচেয়ে দ্রুততম বিকাশমান সৌর বিদ্যুৎ কার্যক্রম হিসেবে পরিচিত লাভ করেছে।

৯) প্রকল্পের নামঃ Emergency 2007 Cyclone Recovery and Restoration Project (ECRRP): AF

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০৯.০৬.২০১৪
- বাস্তবায়নকাল মন্ত্রণালয়/বিভাগঃ পরিকল্পনা কমিশন
- ঋণের পরিমাণঃ ১৪০ মিলিয়ন মার্কিন ডলার
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ৩১.১২.২০১৭
- প্রকল্পের উদ্দেশ্যঃ এ প্রকল্পের মাধ্যমে পরিকল্পনা কমিশনের Project Coordination and Management Unit (PCMU)-সহ মোট ৬টি Component-এর আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, এলজিইডি, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা হিসেবে সম্পৃক্ত আছে। অতিরিক্ত ১৪০ মিলিয়ন মার্কিন ডলার এর আওতায় নিম্নলিখিত কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে;
  - ক) ঘূর্ণিঝড় ‘সিডর’ ও ‘আইলা’ ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের আওতায় ১০০টি নতুন সাইক্লোন শেল্টার নির্মাণ, ২২০ টি বর্তমান শেল্টার পুনর্বাসন ও ১০০কিলোমিটার সংযোগ সড়ক নির্মাণ;
  - খ) সিডর-ক্ষতিগ্রস্ত এলাকায় উপকূলীয় বীধ নির্মাণ ও পুনর্বাসন;
  - গ) আকস্মিক প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করা এবং
  - ঘ) প্রকল্পের অতিরিক্ত কার্যক্রমের মনিটরিং এবং মূল্যায়ন সমন্বয় করা।

১০) প্রকল্পের নামঃ Rural Electricity Transmission and Distribution Project

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১৯.০৬.২০১৪
- বাস্তবায়নকাল মন্ত্রণালয়/বিভাগঃ বিদ্যুৎ বিভাগ
- ঋণের পরিমাণঃ ৬০০ মিলিয়ন মার্কিন ডলার
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ৩০.০৬.২০২০
- প্রকল্পের উদ্দেশ্যঃ এ ঋণচুক্তির আওতায় আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা “Rural Electricity Transmission and Distribution Project” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকারকে নমনীয় হারে ৬০০ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। ২০১৫ সালের মধ্যে দেশে ১১,৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে। বিদ্যুৎ উৎপাদনের সাথে সামঞ্জস্য রেখে বিদ্যুৎ সঞ্চালনে ও বিতরণ ব্যবস্থাপনার ক্ষমতাবর্ধন ও আধুনিকীকরণ প্রয়োজন। প্রস্তাবিত প্রকল্পের আওতায় গ্রীড কোম্পানী অব বাংলাদেশে (পিজিসিবি) ২৩০/১৩২ কেভি ৪.৫ কিলোমিটার এবং ১৩২/৩৩ কেভি ৮৪ কিলোমিটার নতুন সঞ্চালন লাইন নির্মাণের উদ্যোগ নিয়েছে। এছাড়াও অধিক গ্রাহক সংযোগ প্রদানের লক্ষ্যে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অন্তর্ভুক্ত ৩৯ টি পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় বিদ্যমান বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার উন্নতকরণ ও ক্ষমতাবর্ধনের উদ্যোগ নিয়েছে।

২.২.৩ চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিঃ

বিশ্বব্যাংকের অর্থায়নে বর্তমানে ৪৬ টি প্রকল্প চলমান রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, বিশ্বব্যাংকের অর্থায়নে চলমান প্রকল্পসমূহের বাস্তবায়নে গতিশীলতা আনয়নের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিশ্বব্যাংক এবং প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সমন্বয়ে ৪

(চার)টি ত্রিপর্যায়ী সভা ২০১৩-১৪ অর্থবছরে অনুষ্ঠিত হয়েছে। ত্রিপর্যায়ী সভায় সংশ্লিষ্ট সকলের সর্বসম্মত সিদ্ধান্তের মাধ্যমে সমস্যাযুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়নে গতিশীলতা এসেছে।

## ২.২.৪ ২০১৪-২০১৫ অর্থ বছরে বিশ্বব্যাংকের সাথে সম্ভাব্য ঋণ ও অনুদান চুক্তিঃ

২০১৪-২০১৫ অর্থ বছরে নিম্নবর্ণিত ৯টি প্রকল্পের জন্য বিশ্বব্যাংকের সাথে ২০১৮ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ এবং ১৫০ মিলিয়ন মার্কিন ডলারের অনুদানসহ মোট ২১৬৮ মিলিয়ন মার্কিন ডলারের চুক্তি স্বাক্ষরের সম্ভাবনা রয়েছেঃ

(মিলিয়ন মার্কিন ডলার)			
ক্রমিক নং	প্রকল্পের নাম	ঋণ/অনুদান	সহায়তার পরিমাণ
1	Income Support Program for the Poorest (ISPP)	ঋণ	৩০০.০০
2	Multi-Purpose Disaster Shelters project (MDSP)	ঋণ	৩৭৫.০০
3	Bangladesh Urban Resilience Project	ঋণ	১৭৩.০০
4	Health Sector Development Program (Additional Financing)	অনুদান (অতিরিক্ত অর্থায়ন)	১৫০.০০
5	Third Primary Education Development Program (PEDP- 3)Additional Financing	IDA ঋণ	৪০০.০০
6	National Agricultural Technology Project (NATP) Phase-II	IDA ঋণ: ১৬১	১৬০.০০
7	Financial Sector Support Project	ঋণ	৩৫০.০০
8	Nuton Jibon Livelihood Improvement Project	ঋণ	২০০.০০
9	Revenue Mobilization Program for Results: VAT Improvement Program	ঋণ	৬০.০০
মোট (ঋণ+অনুদান=২০১৮+১৫০)			২১৬৮.০০

## ২.২.৫ বিশ্বব্যাংক অনুবিভাগের আওতায় সংশ্লিষ্ট সমন্বিত সভা/কার্যদিঃ

ক) গত ১১-১৩ এপ্রিল ২০১৪ মেয়াদে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডি. সি. তে বিশ্বব্যাংক গ্রুপ ও ইন্টারন্যাশনাল মনিটরি ফান্ড (আইএমএফ) এর ২০১৪ সালের স্প্রিং মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত মিটিং-এর মূল বিষয় ছিল বিশ্বব্যাংক-এর ডেভেলপমেন্ট কমিটির যৌথ সভা এবং আইএমএফ-এর ইন্টারন্যাশনাল মনিটরি এন্ড ফাইন্যান্সিয়াল কমিটির বৈঠক। উক্ত বৈঠকসমূহে বিশ্বব্যাংক ও আইএমএফ-এর কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। অধিকন্তু, এ সম্মেলনে বিভিন্ন সেমিনার ও আঞ্চলিক উন্নয়ন বিষয়ে ব্রীফিং সেশন অনুষ্ঠিত হয়। স্প্রিং সম্মেলনের অব্যবহিত পরেই ১৫-১৬ এপ্রিল ২০১৪ মেয়াদে মেক্সিকোর মেক্সিকো সিটিতে First High Level Meeting of the Global Partnership for Effective Development Cooperation(GPEDC) অনুষ্ঠিত হয়। এ সম্মেলনের মূল উদ্দেশ্য ছিল সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (Millennium Development Goals) অর্জনের উদ্দেশ্যে আন্তর্জাতিক পরিমন্ডলকে শক্তিশালীকরণ এবং ২০১৫ পরবর্তী উন্নয়ন এজেন্ডার একটি সামগ্রিক, অন্তর্ভুক্তিমূলক এবং কার্যক্রমমুখী লক্ষ্য প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অবদান রাখা। এ সভা দু'টোতে বাংলাদেশ প্রতিনিধিদলের অংশগ্রহণের লক্ষ্যে সার্বিক কার্যক্রম এ অনুবিভাগ থেকে সম্পন্ন করা হয়।

(খ) বিশ্বব্যাংকের Additions to IDA Resources: Seventeenth Replenishment-IDA17 সংক্রান্ত কাজ সম্পাদন।

বিঃ দ্রঃ এ অনুবিভাগ (বিশ্ব ব্যাংক) সংশ্লিষ্ট চলমান প্রকল্প/কর্মসূচির তালিকা পরিশিষ্ট-৪ এ দেওয়া হলো।



চিত্র: গত ২০১৪ সালের অক্টোবর মাসে ওয়াশিংটনে অনুষ্ঠিত ব্যাংক ফান্ড মিটিং এ বাংলাদেশ প্রতিনিধিদলের সাথে মাননীয় অর্থমন্ত্রী জনাব এ,এম,এ মুহিত, বাংলাদেশ ব্যাংকের গভর্নর, ইআরডির সচিব ও অতিরিক্ত সচিব সহ প্রতিনিধিদলের অন্যান্য সদস্যবৃন্দ।



চিত্র: বিশ্বব্যাংকের সাথে ঋণচুক্তি অনুষ্ঠানে ইআরডির প্রাক্তন সচিব জনাব আবুল কালাম আজাদ, অতিরিক্ত সচিব জনাব আরাস্তু খান ও ইআরডির অন্যান্য কর্মকর্তাবৃন্দ। বিশ্বব্যাংকের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্বব্যাংক ঢাকা অফিসের Operation Advisor Ms.Cristine E. Kimes.



চিত্র: বিশ্বব্যাংকের সাথে ঋণচুক্তি স্বাক্ষরদান অনুষ্ঠানে বক্তব্যরত বিশ্বব্যাংকের ঢাকা অফিসের কান্ট্রি ডিরেক্টর Mr. Johannes Zutt. পার্শ্বে উপবিষ্ট অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন।



চিত্র: গত ২০১৪ সালের অক্টোবর মাসে ওয়াশিংটনে অনুষ্ঠিত ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপ মিটিং এ বিশ্বব্যাংক প্রেসিডেন্ট সহ বিভিন্ন আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান প্রধানগণ।